দৈনিক ইত্তেফাক

তারিখ 17 FEB 1994
পৃষ্ঠা ৮ কলাম ৬

৪৭

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ধর্মঘট পালন

ইত্তেফাক রিপোর্ট ॥ বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ সংশোধনের উদ্যোগের প্রতিবাদে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে পূর্ব ঘোষিত

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় শিক্ষকদের

(১ম পৃঃ পর)

কর্মসূচীর আওতায় গতকাল (বুধবার) দেশের সব কয়টি বিশ্ববিদ্যালয়ে পূর্ণ দিবস শিক্ষক ধর্মঘট পালিত হয়। ধর্মঘট চলাকালে শিক্ষক-শিক্ষিকাবৃন্দ কোন ক্লাস গ্রহণ করেন নাই। ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকাদের অধিকাংশ কক্ষ বন্ধ ছিল। তবে নির্ধারিত পরীক্ষা গ্রহণের দায়িত্ব তাহারা পালন করিয়াছেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ গতকাল পূর্ণদিবস কর্মবিরতি পালন করেন। গতকাল ক্লাস হয় নাই। নির্ধারিত পরীক্ষা কর্মবিরতির বাহিরে ছিল।